

২০২০-২১ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির বিজ্ঞপ্তি

ভর্তির প্রাথমিক আবেদন ফরম [.nu.ac.bd/admissions](http://nu.ac.bd/admissions) ওয়েবসাইটে পাওয়া যাবে।

- ভর্তির বিষয়: হিসাববজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং ও ফিন্যান্স এন্ড ব্যাংকিং।
- প্রাথমিক আবেদনের ফিস: ৩০০ (তিন শত) টাকা।
- অনলাইনে ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহ : ০৫/০৯/২০২২ থেকে ২০/০৯/২০২২ খ্রি. রাত ১২ টা পর্যন্ত।
- প্রাথমিক আবেদন ফি অনলাইনে 'Sonali e sheba' এর মাধ্যমে জমা : ০৬/০৯/২০২২ থেকে ২২/০৯/২০২২ তারিখ পর্যন্ত।
- আবেদন ফরম কলেজ অফিসে জমা দেওয়ার তারিখ : ০৬/০৯/২০২২ থেকে ২২/০৯/২০২২ তারিখ পর্যন্ত।


আবেদন করার প্রক্রিয়া:

- আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েব সাইটের Masters Tab এ গিয়ে Apply No (Masters Reg.) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েব সাইটে প্রদর্শিত তথ্য ছকে আবেদনকারীর স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/ প্রিলিমিনারি টু মাস্টার্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ইমেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। প্রয়োজনীয় অন্যান্য তথ্য সঠিকভাবে পূরণ করে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।
- 'Sonali e sheba' এর মাধ্যমে অনলাইন <https://sbl.com.bd:7070/CollegeFee/Payment> এ গিয়ে Application Fees অথবা Google Play Store এ গিয়ে Mobile App এ 'Sonali e sheba' ডাউনলোড করে এর মাধ্যমে ভর্তির জন্য প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০ (তিনশত) টাকা পরিশোধের পর Payment Slip প্রিন্ট করতে হবে।
- প্রিন্ট করা আবেদন ফরমটির নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। আবেদন ফরমটির কলেজের অংশের সাথে স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত)/ ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি এবং পেপেন্ট স্লিপের কপি কলেজ অফিসে জমা দিতে হবে।
- ২২/০৯/২০২২ খ্র.তারিখের পরে কোন ফরম গ্রহণ করা হবে না।


আবেদনের যোগ্যতা ও শর্তাবলী

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে এক বছর মেয়াদী প্রিলিমিনারি টু মাস্টার্স (প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
- এখানে উল্লেখ্য যে, উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষে স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।
- প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

প্রতিস্বাক্ষর



অধ্যক্ষ
আযম খান সরকারি কর্মাঙ্গ কলেজ
খুলনা



আইবায়ক
মাস্টার্স শেষ পর্ব ভর্তি কমিটি ২০২০-২১